

ক্রমিক	সেবাসমূহ
০১	একাডেমির ২৫০ আসনবিশিষ্ট মিলনায়তন অরাজনৈতিক কর্মকাণ্ড বা সাংস্কৃতিক কর্মকাণ্ডের জন্য নির্ধারিত হারে ভাড়া দেওয়া হয়।
০২	বাংলাদেশ শিশু একাডেমি চত্বরে মুক্তমঞ্চটি ছোটদের সাংস্কৃতিক কর্মকাণ্ডের জন্য ব্যবহারের সুযোগ রয়েছে।
০৩	বিভিন্ন তথ্য অনুসন্ধান ও অভিযোগের সুযোগ রয়েছে।
০৪	বাংলাদেশ শিশু একাডেমি ৬৪টি জেলা কার্যালয়ের মাধ্যমে শিশুদের সার্বিক উন্নয়নে একযোগে কাজ করে যাচ্ছে।
০৫	শিশুদের জন্য ২ থেকে ৩ বছর মেয়াদি প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা হয়। প্রশিক্ষণের বিষয়গুলো হচ্ছে সঙ্গীত, নৃত্য, চিত্রাঙ্কন, আবৃত্তি, তবলা, সুন্দর হাতের লেখা, কম্পিউটার, অভিনয়।
০৬	সকল শ্রেণীর শিশুদের বর্ণিত প্রশিক্ষণ কোর্সসমূহে নির্ধারিত ফি প্রদানের মাধ্যমে প্রশিক্ষণে ভর্তির সুযোগ আছে।
০৭	প্রতিবন্ধী শিশুদের জন্য বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা আছে।
০৮	দুঃস্থ শিশুদের জন্য বিনামূল্যে প্রশিক্ষণ গ্রহণের সুযোগ রয়েছে।
০৯	গুরুত্ব বিবেচনা করে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন করা হয়। এ সকল অনুষ্ঠানে শিশুদের অংশগ্রহণের সুযোগ রয়েছে।
১০	এছাড়াও বিশ্ব শিশু দিবস, শিশু অধিকার সপ্তাহ, বাংলা নববর্ষ উদযাপন, শিশুদের শিক্ষাসফর, শিশু নাট্য প্রতিযোগিতা, জেলার খ্যাতিমান শিল্পী/শিক্ষাবিদ এর জন্মবার্ষিকী, জাতীয় শোক দিবস, শেখ রাসেলের জন্মদিন, শহীদ বুদ্ধিজীবী দিবস, মহান বিজয় দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, মহান স্বাধীনতা দিবস, জেলা ও উপজেলা পর্যায়ে সাংস্কৃতিক উৎসব, শিশু আনন্দমেলা, রবীন্দ্র-নজরুল জন্মজয়ন্তী ও পবিত্র ঈদে মিলাদুন্নবীসহ আরো অন্যান্য গুরুত্বপূর্ণ অনুষ্ঠান উদযাপন করা হয় এবং এ সকল অনুষ্ঠানে সকল শ্রেণীর শিশুদের ব্যাপক অংশগ্রহণের সুযোগ রয়েছে।
১১	৪৮৯৩ টি গ্রন্থের বিশাল সংগ্রহের গ্রন্থাগার সকল শিশুদের জন্য উন্মুক্ত। এ গ্রন্থাগারের সুবিধাসমূহ শিশু ছাড়াও সর্বসাধারণের জন্য উন্মুক্ত।
১২	শিশুরা সদস্য হয়ে নির্ধারিত সময়ের জন্য বই লেনদেন করতে পারে।
১৩	গ্রন্থাগারভিত্তিক শিক্ষামূলক কার্যক্রম ও প্রতিযোগিতার মাধ্যমে শিশুদের মেধা বিকাশের সুযোগ রয়েছে।
১৪	জাদুঘরটি শিশুসহ সর্বসাধারণের জন্য উন্মুক্ত। জাদুঘর পরিদর্শনের জন্য কোনো প্রবেশমূল্যের প্রয়োজন হয় না।
১৫	শিশুদের পাঠাভ্যাস বৃদ্ধির লক্ষ্যে দেশের খ্যাতিমান লেখকদের লেখা বই প্রকাশ করা হয় ও বিক্রি করা হয়।